

2020

BENGALI

(Major)

Paper : 6.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) 'কারেঙর লিগিরী' নাটকে মন্ত্রীপুত্রের নাম কী?

(খ) "তিরোতার বুদ্ধি মূরর পরা নোলায় পেটর পরাহে
ওলায়।" বক্তা কে?

(গ) 'সোণরে পালেঙত অ'মনেতরা' গানটি কে গেয়েছিল?

(ঘ) রাজমাতার বয়স কত?

(ঙ) 'ছ মাণ আঠ গুষ্ঠ' উপন্যাসটি কোন্ সালে প্রথম
পুস্তকাকারে প্রকাশিত হয়?

(চ) শূন্যস্থান পূর্ণ করো :

“বাণিজ্যে _____ বাস, তার আধা করলে চাষ।”

(ছ) কোন্ গাছকে প্রবীণ লোকেরা ‘সত্যযুগের ঠাকুরাণী গাছ’ বলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) সুন্দরের রাজপ্রাসাদের যে-কোন দুজন দাসীর (লিগিরীর) নাম লেখো।

(খ) “তাইক মই কারেঙর লিগিরী গুচাই কারেঙর কুঁয়রী করিম।” কে, কাকে এ কথা বলেছিলেন?

(গ) গোবিন্দপুর মৌজার একমাত্র পুষ্করিণীর নাম কী? এই পুষ্করিণী কে খনন করিয়েছিলেন?

(ঘ) নটবর ঘনশ্যাম বাঘসিংহের পুত্র সংখ্যা কত? তাঁর জ্যেষ্ঠ পুত্রের নাম কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) বপুরা চরিত্রে পরিবেশিত হাস্যরসাত্মক অভিব্যক্তির পরিচয় দাও।

(খ) ‘কারেঙর লিগিরী’ নাটকের কাহিনিধারায় দ্বিতীয় অঙ্কের অন্তর্গত কাজিরঙা অরণ্য-দৃশ্যটির গুরুত্ব বিশ্লেষণ করো।

(গ) ছোট মিত্র শেখ দিলদারের কাছারি বাড়ির বর্ণনা দাও।

(ঘ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে মঙ্গরাজ যেভাবে ব্রাহ্মণ-ভোজন করাতেন তার পরিচয় দাও।

(ঙ) “আজ অনন্তপুর গ্রামে হাহাকার পড়িয়াছে।” উক্ত হাহাকারের কারণ অনুসন্ধান করো।

৪। ট্রাজিক নাটক হিসেবে ‘কারেঙর লিগিরী’-র সার্থকতা অথবা ব্যর্থতা বিচার করো।

১০

অথবা

‘কারেঙর লিগিরী’ নাটকের সুন্দর চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের ঘটনা অবলম্বনে অসুরদিঘির বর্ণনা দাও।

১০

অথবা

‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাস থেকে কয়েকটি দৃষ্টান্ত দিয়ে কথাশিল্পী ফকির মোহন সেনাপতির সূক্ষ্ম রসবোধের পরিচয় দাও।

৬। ‘কারেঙর লিগিরী’ নাটকের পার্শ্বচরিত্র রেবতী, সেউজী ও রুনুক-জুনুক-ঠুনুকের ভূমিকা স্পষ্ট করো।

১০

অথবা

‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের চম্পা চরিত্রটি বিশ্লেষণ করো।
